# বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট
# সরেজমিন উইং
# কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

## সম্ভাব্য বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

## (ফেনী, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, লক্ষ্মীপুর ও নোয়াখালী জেলার জন্য)

**বুলেটিন নং ১০০**
**প্রকাশের তারিখ: ২৭/০৭/২০২৫**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পূর্বাভাস (২৭.০৭.২০২৫) অনুযায়ী আগামী ২দিন ফেনী জেলার মুহুরি ও সেলোনিয়া নদীসমূহের পানি সমতল বিপদসীমা অতিক্রম করতে পারে এবং ফেনী জেলায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে। এই সময়ে চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, লক্ষ্মীপুর ও নোয়াখালী জেলার ফেনী, হালদা, সাঙ্গু, মাতামুহুরি, রহমতখালি খাল ও নোয়াখালী খাল নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেয়ে সতর্কসীমায় প্রবাহিত হতে পারে এবং সংলগ্ন নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে। বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দণ্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শসমূহ প্রদান করা হলো:

১। উঁচু ও পানি নিষ্কাশনযোগ্য স্থানে নতুন বীজতলা তৈরি করুন।

২। প্লাবিত এলাকায় উঠান বীজতলা, ভাসমান বীজতলা অথবা প্লাস্টিক ট্রে বীজতলা ব্যবহার করা যেতে পারে।

৩। জলাবদ্ধতা পরিহারের জন্য আমন বীজতলার চারপাশে নিষ্কাশন নালা তৈরি করুন।

৪। বন্যার কারণে যদি পাটের জমিতে জলাবদ্ধতার সৃষ্টি হয় এবং সেটা ২/৩ দিনের মধ্যে নিষ্কাশনের সম্ভাবনা না থাকে সে ক্ষেত্রে যত দ্রুত সম্ভব কর্তনযোগ্য পাট কেটে পানিতে জাগ দিতে হবে।

৫। সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ এবং চারা রোপণ থেকে বিরত থাকুন।

৬। জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের সুব্যবস্থা রাখুন।

৭। সকল খামারজাত পণ্য শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।

৮। কলাসহ অন্যান্য ফলের ছোট গাছ ও সবজিতে খুঁটির ব্যবস্থা করুন, আখের ঝাড় বেঁধে দিন।

৯। গবাদি পশু ও হাসমুরগী উঁচু জায়গায় স্থানান্তর করুন।

২৭/০৭/২০২৫
(উর্মী আহসান)
উপপরিচালক (বামিস ইউনিট)
পরিচালকের পক্ষে